



মুক্তি কক্সবাজার

সারদা ভবন, গোলদীঘিরপাড়,
কক্সবাজার।

নিয়োগ বিজ্ঞপ্তি

মুক্তি কক্সবাজার একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। সংস্থাটি দীর্ঘ ২৫ বছর যাবৎ কক্সবাজার জেলার দারিদ্র্য বিমোচনে সফলভাবে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। দাতা সংস্থা UNFPA এর আর্থিক ও কারিগরী সহায়তায় সংস্থার চলমান GBViE Project এর অধীনে উখিয়া ও টেকনাফ উপজেলায় প্রকল্প বাস্তবায়ন করে আসছে। উক্ত প্রকল্পের সোশ্যাল মোবাইলাইজেশন কার্যক্রমে প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	সংখ্যা	বেতন সর্বসাকুল্যে	শিক্ষাগত যোগ্যতা , বয়স ও অভিজ্ঞতা
সিনিয়র সোশ্যাল মোবাইলাইজেশন কো- অর্ডিনেটর	০১	৭৫,৩২৯/-	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজ বিজ্ঞান / ডেভেলপমেন্ট স্ট্যাডিস এ স্নাতকোত্তর পাস। বয়স সর্বোচ্চ ৪৫ বছর। যে কোন প্রতিষ্ঠিত এনজিও তে সোশ্যাল মোবাইলাইজেশন প্রকল্পে কর্মকর্তা হিসাবে কাজ করার কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে এমএস অফিস পরিচালনায় এবং ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগে দক্ষ হতে হবে। ইংরেজিতে রিপোর্ট লেখার অভিজ্ঞতা থাকতে হবে।
সোশ্যাল মোবাইলাইজেশন সুপারভাইজার (পুরুষ- ০৫, নারী -০২)	০৭	৫৫,৬৯৩/-	স্বীকৃত কলেজ / বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর পাস। বয়স সর্বোচ্চ ৪০ বছর। যে কোন প্রতিষ্ঠিত এনজিও তে কমিউনিটি মোবাইলাইজেশন কাজে মাঠ পর্যায়ে কমপক্ষে ৩ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে এমএস অফিস পরিচালনায় এবং ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগে দক্ষ হতে হবে। ইংরেজীতে রিপোর্ট প্রণয়নে দক্ষতা থাকতে হবে।
সোশ্যাল মোবাইলাইজার (নারী)	৫২	৩১,৫৭০/-	যে কোন বিষয়ে স্নাতকোত্তর পাস অথবা এনজিওতে ২ বছরের মাঠ পর্যায়ে কাজের বাস্তব অভিজ্ঞতাসহ স্নাতক পাস। বয়স সর্বোচ্চ ৩৫ বছর। চট্টগ্রামের আঞ্চলিক ভাষায় যোগাযোগে দক্ষ হতে হবে। প্রার্থীদের কক্সবাজার অথবা চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। উখিয়া ও টেকনাফ উপজেলায় অবস্থান করে কাজ করার মানসিকতা থাকতে হবে।

আগ্রহী প্রার্থীদেরকে আগামী ১৫.০৩.২০২১ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতা সনদ পত্রের ফটোকপি, প্রার্থীর সম্পর্কে তথ্য দিতে পারবেন এরূপ ২ জন অনাত্মীয় রেফারীর নাম, ঠিকানা, ই-মেইল এবং প্রার্থীর মোবাইল নাম্বার উল্লেখপূর্বক জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র নিম্নঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হচ্ছে। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে মোবাইল ফোনে যোগাযোগ করে পরীক্ষায় অংশগ্রহণের জন্য জানানো হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

মানব সম্পদ বিভাগ
মুক্তি কক্সবাজার
সারদা ভবন, গোলদীঘির পাড়
কক্সবাজার।